# জনস্বার্থে অতি জরুরি, গুরুত্বপূর্ণ ও গোপনীয়

## বিষয়: ওয়েবসাইটের নিরাপত্তা সংক্রান্ত

সম্মানিত সহকর্মী
**(অতিরিক্ত জেলা প্রশাসক, ইউএনও, সহকারি কমিশনার আইসিটি, প্রোগ্রামার , সহকারি প্রোগ্রামার)**

আপনাকে জাতীয় তথ্য বাতায়ন টিম এটুআই এর পক্ষ থেকে স্বাগত জানাচ্ছি। আপনার অফিসের ওয়েবসাইট ব্যবস্থাপনায় নিম্নোক্ত বিষয়গুলো লক্ষণীয়:

- এটুআই জাতীয় তথ্য বাতায়নে আপনার **সাইটটি শুধুমাত্র তৈরি ও কারিগরি সহায়তার** দায়িত্ব পালন করে থাকে।
- তথ্য হালনাগাদ ও **কোন কোন তথ্য আপলোড** হবে তার দায়িত্ব ও সিদ্ধান্ত সংশ্লিষ্ট অফিসের।
- আপনার সাইটের **পাসওয়ার্ড সম্পর্কে** এটুআই কোনভাবেই অবগত নয়।
- **সংশ্লিষ্ট অফিসের আইডি থেকে** বিভ্রান্তিমূলক/বিব্রতকর/অসংলগ্ন/সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এমন তথ্য আপলোড হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট অফিসের উপর বর্তাবে।

জাতীয় তথ্য বাতায়নের আওতাভুক্ত বিভিন্ন ওয়েবসাইটে কোন কোন ক্ষেত্রে সাইট এডিমন ইউজারদের অসতর্কতার দরুণ পাসওয়ার্ড ও আইডি লিকেজ সংক্রান্ত ঘটনার উদ্ভব হতে পারে। নিয়ত পরিবর্তনশীল প্রযুক্তির আবির্ভাব ও হ্যাকারদের দৌরাত্ম বৃদ্ধির দরুণ ওয়েবসাইটের নিরাপত্তা নিশ্চিতকরণে নিম্নোক্ত পদক্ষেপসমূহ এক্ষণে গ্রহণ করতে হবে:

### ১ম ধাপ: (মেইল প্রাপ্তির ২ দিনের মধ্যে)

- বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসনের পাসওয়ার্ড **কালক্ষেপন না করে জরুরিভিত্তিতে** পরিবর্তন/রিসেট/প্রোফাইল আপডেট করতে হবে।
- Upper case, lower case, sign, symbol সমন্বয়ে পাসওয়ার্ড রিসেট করতে হবে। ডিফল্ট পাসওয়ার্ড কোনভাবেই রাখা যাবেনা।
- পাসওয়ার্ড রিসেট কাজটি সম্পন্ন করা হয়েছে এই মর্মে **এটুআইকে ফিরতি মেইলে ফিডব্যক** দিতে হবে। (ইমেইল: nationalportal@a2i.gov.bd)
- প্রতি মাস অন্তর পাসওয়ার্ড রিসেট করতে হবে।
- পোর্টালের ব্যাকএন্ডএ লগইন করলে অবশ্যই লগ আউট করতে হবে। লগআউট ব্যতীত সরাসরি ব্রাউজার ক্লোজ করা যাবেনা। ব্রাউজারে কোনভাবেই পাসওয়ার্ড সেভ করা যাবেনা।
- নিজ পোর্টালের ওয়েব এডমিনিস্ট্ররের প্রোফাইল (সঠিক মোবাইল নম্বর, ইমেইল, নাম পদবী) হালনাগাদ করতে হবে। অন্যথায় Two Factor Authentication চালু করা সম্ভব হবেনা।
- বিষয়টি বাস্তবায়নে **অতিরিক্ত জেলা প্রশাসকের নেতৃত্বে ইউএনও, সহকারি কমিশনার আইসিটি, প্রোগ্রামার , সহকারি প্রোগ্রামার ও সংশ্লিষ্ট ওয়েব এডমিনকে** দায়িত্ব পালন করতে হবে।
- উপরিউক্ত নির্দেশনা পালন না করলে যে কোন অনাকাঙ্খিত পরিস্থিতির সৃষ্টি হলে তার **দায়ভার স্ব অফিসের উপর বর্তাবে**।

**২য় ধাপ: (মেইল প্রাপ্তির ৭ দিনের মধ্যে)**

- বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের অন্যান্য সরকারি অফিসসমূহের পাসওয়ার্ড **কালক্ষেপন না করে জরুরিভিত্তিতে** পরিবর্তন/রিসেট/প্রোফাইল আপডেট করতে হবে। যার অধিক্ষেত্র (jurisdiction) নিম্নরূপ:

  (ক) উপজেলার ক্ষেত্রে উপজেলা সাইট এডমিন (**ইউএনও অফিস**) উপজেলার সকল সরকারি অফিসের পাসওয়ার্ড পরিবর্তন/রিসেট/প্রোফাইল আপডেটে সহযোগিতা করবেন। (অধিক্ষেত্র: উপজেলার সকল সরকারি অফিস, ইউনিয়ন সাইট)

  (খ) জেলার ক্ষেত্রে জেলা সাইট এডমিন (**জেলা প্রশাসকের কার্যালয়**) জেলার সকল সরকারি অফিসের পাসওয়ার্ড পরিবর্তন/রিসেট/প্রোফাইল আপডেটে সহযোগিতা করবেন। (অধিক্ষেত্র: জেলার সকল সরকারি অফিসের সাইট, ইউনিয়ন সাইট)

  গ) বিভাগের ক্ষেত্রে বিভাগ সাইট এডমিন (**বিভাগীয় কমিশনারের কার্যালয়**) বিভাগের সকল সরকারি অফিসের পাসওয়ার্ড পরিবর্তন/রিসেট/প্রোফাইল আপডেটে সহযোগিতা করবেন। (অধিক্ষেত্র: জেলা প্রশাসকের কার্যালয়ের সাইট)

  অর্থাৎ উপজেলা পর্যায়ে উপজেলা সাইট এডমিন সংশ্লিষ্ট উপজেলার সকল সাইটের পাসওয়ার্ড রিসেট/প্রোফাইল আপডেটে সহযোগিতা করতে পারবেন। জেলা পর্যায়ে জেলা সাইট এডমিন সংশ্লিষ্ট জেলার সকল সাইট ও ইউএনও অফিস ও ইউনিয়নের পাসওয়ার্ড রিসেট/প্রোফাইল আপডেটে সহযোগিতা করতে পারবেন। এবং বিভাগীয় পর্যায়ের সাইটএডমিন বিভাগীয় পর্যায়ের সকল অফিস এবং জেলা প্রশাসকের কার্যালয়ের পাসওয়ার্ড রিসেট/প্রোফাইল আপডেটে সহযোগিতা করতে পারবেন।

- **সকল অফিসকে ফোন করে/সভাকরে তাদেরকে বর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সহায়তা করতে হবে।**
- নিজ পোর্টালের ওয়েব এডমিনিস্ট্রেরের প্রোফাইল (**সঠিক মোবাইল নম্বর, ইমেইল, নাম পদবী**) হালনাগাদ করতে হবে। অন্যথায় **Two Factor Authentication** চালু করা সম্ভব হবেনা।
- বিষয়টি বাস্তবায়নে **অতিরিক্ত জেলা প্রশাসকের নেতৃত্বে ইউএনও, সহকারি কমিশনার আইসিটি, প্রোগ্রামার , সহকারি প্রোগ্রামার ও সংশ্লিষ্ট ওয়েব এডমিনকে** দায়িত্ব পালন করতে হবে।
- উপরিউক্ত নির্দেশনা পালন না করলে যে কোন অনাকাঙ্খিত পরিস্থিতির সৃষ্টি হলে তার **দায়ভার স্ব অফিসের উপর বর্তাবে**।

পোর্টালের অধিকতর সিকিউরিটি নিশ্চিতকরণ, এপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের  জাতীয় প্রকল্প পরিচালকের নির্দেশক্রমে এই মেইলটি প্রেরণ করা হলো। পোর্টালের অধিকতর সিকিউরিটি নিশ্চিতকরণে, হ্যাকিং এর মত দুর্ঘটনা এড়াতে ও  সকলের সহযোগিতা বিনীতভাবে কামনা করছি।

প্রয়োজনে +৮৮০ ৯৬৩৯৬৬৩৩১১ নম্বরে যোগাযোগ করা যেতে পারে। তবে জেলা, উপজেলা ও বিভাগ পর্যায়ে যোগাযোগ করলে সিদ্ধান্ত বাস্তবায়ন সহজতর হবে।

**অনুরোধক্রমে:**

মোহাম্মদ শামছুজ্জামান
উপসচিব
ও ন্যাশনাল পোর্টাল ইম্প্লিমেন্টেশান স্পেশালিস্ট
এটুআই,
মোবাইল: ০১৭২৩ ৮৮৮ ৬৪৯